

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর
অধ্যাপক পদে নিয়োগ/ আপগ্রেডেশন সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীদের সর্বমোট ২০ (বিশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*^b থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৫(পাঁচ) বছর (১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*^b অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*^b) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*^b থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ০৬ (ছয়) টি প্রকাশনা*^c থাকতে হবে। তন্মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে, তবে সহযোগী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। এই রেয়াত প্রার্থী সহযোগী অধ্যাপক পদে পেয়ে থাকলে এ ক্ষেত্রে প্রাপ্য হবেন না। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে কোন সুবিধার জন্য এ দুটি প্রবন্ধ প্রদর্শন করা যাবে না।

অথবা

প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে এম.ফিল বা নূন্যতম ৩ (তিন) সেমিস্টার ব্যাপ্ত মাস্টার্স ডিগ্রী বা অতিরিক্ত মাস্টার্স ডিগ্রী বা সম্মান ডিগ্রীসহ ১৫ (পনের) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*^b থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৫ (পাঁচ) বছর (১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*^b অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*^b) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*^b থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৬ (ছয়) টি প্রকাশনা*^c থাকতে হবে। তন্মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। তবে সহযোগী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। এই রেয়াত প্রার্থী সহযোগী অধ্যাপক পদে পেয়ে থাকলে এ ক্ষেত্রে প্রাপ্য হবেন না। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে কোন সুবিধার জন্য এ দুটি প্রবন্ধ প্রদর্শন করা যাবে না।

অথবা

প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পিএইচ.ডি বা সম্মান ডিগ্রীসহ ১২ (বার) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*^b থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর (১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*^b অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*^b) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*^b থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট) টি প্রকাশনা*^c থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

অথবা

যে সকল প্রার্থী স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পিএইচ.ডি বা সম্মান ডিগ্রী নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে যোগদান করেছেন তাঁদের ১০ (দশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*^b থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর (১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*^b অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*^b) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*^b থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট) টি প্রকাশনা*^c থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

অথবা

যে সকল প্রার্থী স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পিএইচ.ডি বা সম্মান ডিগ্রী নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে যোগদান করেছেন তাঁদের ১১ (এগার) বছর এবং যারা প্রভাষক হিসেবে যোগদানের ক্ষেত্রে পিএইচ.ডি বা সম্মান ডিগ্রীকে নূন্যতম যোগ্যতা হিসাবে কাজে লাগিয়েছেন তাদের ক্ষেত্রে ১২ (বার) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*^b থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর (১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*^b অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*^b) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*^b থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট)টি প্রকাশনা*^c থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা

*^b অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে এবং স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় বিশ্ববিদ্যালয়/ প্রাইভেট বিশ্ববিদ্যালয়/ সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে, তবে তা সর্বোচ্চ ২ (দুই) বছর গণ্য হবে। খন্ডকালীন চাকুরীর অভিজ্ঞতা গ্রহণযোগ্য হবে না। সক্রিয় চাকুরি বলতে এই বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে প্রত্যক্ষ শিক্ষকতার অভিজ্ঞতা কে বুঝাবে।

*^c প্রকাশনা বলতে দেশে-বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বুঝাবে।

*^d প্রতিটি পেটেন্ট/ বুক চ্যাপ্টার একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে। (বুক চ্যাপ্টার এর ক্ষেত্রে সর্বোচ্চ দুটি বিবেচিত হবে।

*^e বুক চ্যাপ্টার বলতে স্বীকৃত গবেষণা সংস্থা কর্তৃক প্রকাশিত (সম্পাদিত) বইয়ের Peer reviewed বুক চ্যাপ্টার বুঝাবে।